

পেয়েন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার নং : ০৪ / ২০১৬

২৭ জুন, ২০১৬
তারিখ : -----
১৩ আষাঢ়, ১৪২৩

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক (যে সকল ব্যাংকের কার্ডভিত্তিক পরিশোধ সেবা প্রচলিত রয়েছে)

প্রিয় মহোদয়,

**ঈদ উৎসব উপলক্ষ্যে এবং উৎসব ছুটিকালীন সময়ে কার্ড ভিত্তিক Automated Teller Machine (ATM),
Point of Sale (POS) এবং e-Payment Gateway লেনদেনের ক্ষেত্রে গ্রাহক স্বার্থ সংরক্ষণ প্রসঙ্গে।**

পবিত্র ঈদ উৎসব উপলক্ষ্যে গ্রাহকদের কেনাকাটা এবং উৎসব ছুটিকালীন সময়ে বাণিজ্যিক ব্যাংকসমূহের শাখা বন্ধ থাকায় গ্রাহকরা অধিকহারে ATM (Automated Teller Machine), POS (Point of Sale) এবং e-Payment Gateway ব্যবহার করে ইলেকট্রনিক পদ্ধতিতে পরিশোধ লেনদেন সম্পন্ন করে। ATM, POS এবং e-Payment Gateway ব্যবহার করে কার্ড ভিত্তিক ইলেকট্রনিক লেনদেনের ক্ষেত্রে গ্রাহক স্বার্থ সংরক্ষণসহ সার্বক্ষণিক লেনদেন নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণার্থে আপনাদেরকে নির্দেশ প্রদান করা যাচ্ছে :

২. সার্বক্ষণিক ATM ও POS নেটওয়ার্ক চালু রাখা এবং ATM বুথে সার্বক্ষণিক নগদ টাকার সরবরাহ নিশ্চিত করা;
৩. কোন অবস্থাতেই এটিএম বুথ বন্ধ না রাখা এবং ATM বুথে সার্বক্ষণিক পাহারাদারের সতর্ক অবস্থান নিশ্চিত করা;
৪. POS লেনদেনের ক্ষেত্রে সকল মার্চেন্টের সাথে যোগাযোগের ভিত্তিতে অ্যাকুয়ারিং (POS টার্মিনাল স্থাপনকারী) ব্যাংক ক্রয়কৃত পণ্য বা সেবার নির্ধারিত মূল্যের অতিরিক্ত অর্থ কোন মার্চেন্ট যেন গ্রহণ না করে সে বিষয়টিও নিশ্চিত করা;
৫. যে কোন অংকের ATM ও POS লেনদেনের ক্ষেত্রে গ্রাহককে তাৎক্ষণিক এসএমএস এলার্ট প্রদান করা;
৬. অনিবার্য কারণবশতঃ কোন ব্যাংকের POS সেবা বন্ধ থাকলে তা পূর্বেই গ্রাহকদের অবহিত করা;
৭. Online e-Payment Gateway তে কার্ডভিত্তিক “Card not Present” লেনদেনের ক্ষেত্রে Additional Factor Authentication (Two Factor Authentication) ব্যবস্থা চালু রাখা; এ রকম সেবার আওতায় যে কোন অংকের লেনদেনের ক্ষেত্রে তাৎক্ষণিকভাবে এসএমএস এলার্ট প্রদানের মাধ্যমে গ্রাহককে লেনদেনের তথ্য অবহিত করা;
৮. সকল ধরনের ইলেকট্রনিক পদ্ধতিতে পরিশোধ সেবা গ্রহণের ক্ষেত্রে গ্রাহকদের সতর্কতা অবলম্বনের জন্য গণ-মাধ্যমে বিভিন্নরকম প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করা;
৯. এ সকল লেনদেনের ক্ষেত্রে কোন অবস্থাতেই গ্রাহক যেন হয়রানির শিকার না হয় তার ব্যবস্থা গ্রহণ করা এবং সার্বক্ষণিক Help Line সাপোর্ট প্রদান করা;
১০. অত্র বিভাগ হতে ইতোপূর্বে জারীকৃত এ সংক্রান্ত সকল পরিপত্র যথাযথ পরিপালন নিশ্চিত করা।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ ইস্কান্দার মিয়া)
মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০১৭৪